গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৪০.০১১.০০.০০.০০৫.২০১৩-১১৯৪

তারিখঃ ০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কার্যালয়ে ৪র্থ শ্রেণির সেবা ক্রয় সম্পর্কিত প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপন-৬ এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.০১৫.১৫.২০১৯-২৮৬, তারিখঃ ০১/০৮/২০১৯খ্রিঃ
(২) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- ঢামেকহা/প্রশাঃ/৫৭৪৭, তারিখঃ ১১/০৭/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা কার্যালয়ে সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা ও সেবামূলক কাজের জন্য হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি সেবা ক্রয়ের মাধ্যমে ২৪৭ জন জনবল সরবরাহের অনুমোদন (শর্ত সাপেক্ষে) নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | সেবার ধরন | সেবা কর্মীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা। | ১ | পরিচ্ছন্নতা কর্মী | ২০০ |
| | | ২ | মালী | ০৫ |
| | | ৩ | গাড়ি চালক | ১০ |
| | | ৪ | ইলেকট্রিশিয়ান | ১০ |
| | | ৫ | কেয়ার টেকার | ০৫ |
| | | ৬ | প্রজেক্টর অপারেটর | ০২ |
| | | ৭ | প্লাম্বার | ১০ |
| | | ৮ | কুক মশালচী | ০৫ |
| | | | | মোট ২৪৭টি |

শর্তাবলিঃ

(ক) দৈনিক মজুরি জনপ্রতি ৬৫০/- টাকা হারে নির্ধারণ করা হল;
(খ) সংশ্লিষ্ট হাসপাতালের বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
(গ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
(ঘ) এ আদেশ সেবা গ্রহণের তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) মাসের জন্য কার্যকর থাকবে;
(ঙ) এ মজুরির হার অন্য কোন প্রতিষ্ঠানে নজির হিসেবে গণ্য করা যাবেনা।

সংযুক্তিঃ ০১ পাতা

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

পরিচালক
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
ঢাকা।

অনুলিপি:

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা ঢাকা।
৭। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০১৭.২০১৩-১১৯৭

তারিখঃ ০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ কুর্মিটোলা জেনারেল হাসপাতাল কুর্মিটোলা, ঢাকা কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য জনবল নিয়োগের সম্মতি প্রদান।

সূত্রঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্মারক নং- কুঃজেঃহাঃ/প্রশাসন/২০১৯/২৪৭৪, তারিখঃ ১৫/০৮/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ কুর্মিটোলা জেনারেল হাসপাতালে বর্তমানে ৫০০ শয্যার অনুকূলে ১০টি ওয়ার্ড, ৫৭টি কেবিন ও অন্তর্বিভাগে গড়ে ৮৫০ জনের অধিক রোগী ভর্তি থাকে। এছাড়া উক্ত হাসপাতালে আইসিইউ, সিসিইউ, ক্যাথল্যাব, ডায়ালাইসিস বিভাগ, জরুরি বিভাগ, অপারেশন থিয়েটার ও পোস্ট অপারেটিভ ওয়ার্ড বিদ্যমান। বহির্বিভাগে প্রতিদিন গড়ে ৪২০০-৫০০০ জন রোগী চিকিৎসা সেবা গ্রহণ করে থাকে। হাসপাতালের জরুরি বিভাগে প্রতিদিন ৩০০-৩৫০ জন রোগী চিকিৎসার জন্য আসেন এবং ০২টি অপারেশন থিয়েটারে ২৪ ঘন্টা জরুরি রোগী ও গাইনীর অপারেশন হয়ে থাকে। বর্তমানে এত বিপুল সংখ্যক এরিয়া, ওয়ার্ড, ভবন, ফ্লোর, লবি, ডরমেটরী, ওটি, কেবিন ব্লক, হাসপাতাল আঙ্গিনা ইত্যাদি পরিস্কার রাখার জন্য পরিচ্ছন্নতা কর্মী, ০৪টি এম্বুলেন্স ও ০১টি জীপ চালনার গাড়ী চালক, হাসপাতালের ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল কর্মী ও ল্যাবরেটরী টেকনিশিয়ান ও অন্যান্য ৪র্থ শ্রেণির জনবল প্রয়োজনের তুলনায় অনেক কম। বর্তমানে হাসপাতালে ৩ শিফটে বিভিন্ন ক্যাটাগরির সর্বমোট ২০০ জন ৪র্থ শ্রেণির জনবল কর্মরত আছে এবং বিভিন্ন পদে আউটসোর্সিং পদ্ধতিতে আরো ৩০৫ জন কর্মী অতি জরুরি নিয়োগ করা প্রয়োজন মর্মে উক্ত হাসপাতাল হতে জানানো হয়েছে তাছাড়া বর্তমানে বর্ষাকালে ডেঙ্গু রোগের প্রার্দুভাব বেড়ে যাওয়ায় অতিরিক্ত রোগীর চিকিৎসা সেবা প্রদান করার জন্যও চাহিদাকৃত জনবল প্রয়োজন। উল্লেখ্য, এই পদগুলি সৃজন করা হয়নি এবং প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সম্পূর্ণ নতুন প্রস্তাব। পদের বিবরণ নিম্নরূপঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | সেবার ধরন | সেবা কর্মীর সংখ্যা |
|---|---|---|---|
| কুর্মিটোলা জেনারেল হাসপাতাল কুর্মিটোলা, ঢাকা। | ১ | পরিচ্ছন্নতা কর্মী | ১৪০ |
| | ২ | জমাদার/সর্দার | ২০ |
| | ৩ | মালী | ০৫ |
| | ৪ | গাড়ী চালক | ০৮ |
| | ৫ | ইলেকট্রিশিয়ান | ০৪ |
| | ৬ | স্টেরিলাইজার মেশিন অপারেটর | ০৪ |
| | ৭ | লন্ড্রি অপারেটর | ০৬ |
| | ৮ | কেয়ারটেকার | ০৬ |
| | ৯ | অডিও ভিজুয়াল অপারেটর | ০৩ |
| | ১০ | ফটোগ্রাফার | ০১ |
| | ১১ | প্লাম্বার | ০৬ |
| | ১২ | কুক মশালচী | ১৫ |
| | ১৩ | নিরাপত্তা প্রহরী | ২০ |
| | ১৪ | হোস্টেল এটেনডেন্ট | ০২ |
| | ১৫ | রেন্ট কালেক্টর | ০৩ |
| | ১৬ | ওটি এটেনডেন্ট | ২০ |
| | ১৭ | ল্যাব এটেনডেন্ট | ২০ |
| | ১৮ | মেসেঞ্জার | ১০ |
| | ১৯ | অভ্যর্থনাকারী কাম তথ্য প্রদানকারী | ০৬ |
| | ২০ | ওয়ার্ড মাস্টার | ০৬ |
| | | | মোট ৩০৫ জন |

চলমান পাতা

২। এমতাবস্থায়, কুর্মিটোলা জেনারেল হাসপাতালের আউট সোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের বিবরণ এতদ্‌সঙ্গে প্রেরণপূর্বক উল্লিখিত ৩০৫ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]।

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
২। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।